অনুমোদন পেলো এম এ এস ইমনের মালিকানাধীন রাজধানী টিভি

দেশে প্রথম ১৪ টি ইন্টারনেট প্রটোকল টেলিভিশনকে (আইপি টিভি) নিবন্ধনের অনুমতি দিয়েছে সরকার। সোমবার তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

আনিশা গ্রুপের প্রতিষ্ঠান মেহেরপুর প্রতিদিন ও সাপ্তাহিক ঢাকা থেকে এই দুটি গণমাধ্যম এর সাথে যুক্ত হলো রাজধানী টিভি। বর্তমানে স্যাটেলাইট টিভির পাশাপাশি আইপিটিভিও বেশ জনপ্রিয়তা পেয়েছে।

বাংলাদেশে আইপিটিভি ব্যপকভাবে শুরু না হলেও বিশ্বের অন্যান্য দেশে স্যাটেলাইট টিভির চেয়েও অনেক বেশি জনপ্রিয় আইপি টিভি। এর অন্যতম কারণ হলো, ইন্টারনেট সুবিধা আছে এমন যে কোন ডিভাইজে মোবাইল ফোন, স্মার্ট টিভি ইত্যাদি তে আইপিটিভি দেখা যায়। তাছাড়া স্যাটেলাইট টিভির চেয়ে আইপিটিভির কাভারেজও অনেক বেশি অর্থাৎ স্যাটেলাইট টিভির ক্ষেত্রে একটি নির্দিষ্ট সীমানার বাইরে টিভি দেখা যায় না, কিন্তু আইপিটিভির মাধ্যমে যেখানে ইন্টারনেট সেখানেই অল্প ব্যান্ডউইথ দিয়েও অনেক বেশি স্বচ্ছ কোয়ালিটির লাইভ অনুষ্ঠান পৌঁছে দেওয়া সম্ভব। এই ১৪ টি ইন্টারনেট প্রটোকল টেলিভিশনের (আইপি টিভি) মধ্যে নিবন্ধনের অনুমতি পেয়েছে মেহেরপুর প্রতিদিনের প্রকাশক এম এ এস ইমনের মালিকানাধীন রাজধানী টিভি।

এক সংক্ষিপ্ত প্রতিক্রিয়ায় রাজধানী টিভির চেয়ারম্যান এমএএস ইমন বলেন, যেহেতু আইপিটিভির সম্প্রচার ব্যাপ্তি ইন্টারনেট সুবিধা আছে এমন সব জায়গায় তথা সমগ্র বিশ্বের আনাচে কানাচে। সেহেতু বাংলাদেশের সমৃদ্ধ সংস্কৃতি, জীবনাচার, পর্যটনখাত, ব্যবসায়িক উন্নয়ন, দেশের ব্যবসা ক্ষেত্রে বিনিয়োগের সুবিধা সমূহ, দেশের ক্রমবর্ধমান উন্নয়ন বিশ্ব দরবারে তুলে ধরবে রাজধানী টিভি।

রাজধানী টিভি ছাড়াও নিবন্ধনের অনুমতি পাওয়া অন্য আইপি টিভিগুলো হলো— মুভিবাংলা টিভি, জাগরণ টিভি, রূপসী বাংলা টিভি, হার্নেট টিভি, মাটি এন্টারটেইনমেন্ট টিভি, ফ্লিক্স আরকে টিভি, ভয়েজ টিভি, জে এ টিভি, নিউজ২১ বাংলা টিভি, জাগরণী টিভি, সবেহপ্রাইম টিভি, দেশবন্ধু টিভি ও সিএইচডি নিউজ২৪ টিভি।

আইপি টিভির নিবন্ধনের শর্তে বলা হয়, অনুষ্ঠান তৈরি ও প্রচারের ক্ষেত্রে ২০১৪ সালের জাতীয় সম্প্রচার নীতিমালা, ২০১৭ (সংশোধিত ২০২০) সালের জাতীয় অনলাইন গণমাধ্যম নীতিমালা এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের জারি করা অন্যান্য আইন, বিধিমালা, নীতিমালা, পরিপত্র, নির্দেশনা অনুসরণ করতে হবে। বিদ্যমান কপিরাইট আইনের সংশ্লিষ্ট বিধি-বিধান মেনে চলতে হবে। এসব আইনের কোনও ধারা যাতে লঙ্ঘিত না হয়, সেদিকে বিশেষভাবে সচেতন থাকতে হবে। বাংলাদেশে বিদ্যমান সেন্সরশিপ কোড যথাযথভাবে মেনে চলতে হবে।

সরকার প্রবর্তিত আইন বা বিধি-বিধান অনুসরণ করে নিবন্ধনের জন্য কমিশন নির্ধারিত হারে নিবন্ধন ফি, বার্ষিক নবায়ন ফি জমা দিতে হবে। অননুমোদিত সম্প্রচারে থাকায় সম্প্রতি ৫৯টি অনিবন্ধিত আইটি টিভি বন্ধ করে দেয় বিটিআরসি।

চুয়াডাঙ্গাতে করোনায় সাংবাদিক ডালিমের ইন্তেকাল

যমুনা টেলিভিশন ও ইউএনবি’র চুয়াডাঙ্গা প্রতিনিধি ও দৈনিক আকাশ খবর পত্রিকার নির্বাহী সম্পাদক আরিফুল ইসলাম ডালিম (৩৮) করোনায় আক্রান্ত হয়ে ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

আজ বৃহস্পতিবার দুপুর তিন টার দিকে ঢাকায় নেওয়ার পথে তিনি মৃত্যুবরণ করেন। তিনি চুয়াডাঙ্গা জেলা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদকের দায়িত্বে ছিলেন।

চুয়াডাঙ্গা জেলা প্রেস ক্লাবের সভাপতি মানিক আকবর জানান, গত ১৮ জুলাই ডালিম করোনায় আক্রান্ত হন। অবস্থার অবনতি হলে ২১ জুলাই তাকে চুয়াডাঙ্গা জেনারেল হাসপাতালে ভর্তি হন। আজ সকালে তার অবস্থার আরো অবনতি হলে তাকে ঢাকায় নেওয়া হয়। ঢাকার গাবতলি পৌছানোর পর অ্যাম্বুলেন্সে থাকা চিকিৎসক দ্রুত সাভারের এনাম মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যান। সেখানে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষনা করেন।

তিনি আরো জানান, মরদেহ চুয়াডাঙ্গায় পৌছানোর পর জানাযার সময় ও অন্যান্য কর্মসূচীর সিদ্ধান্ত নেওয়া হবে।

তার এ অকাল মৃত্যুতে মেহেরপুর প্রতিদিন পরিবার গভিরভাবে শোকাহত। শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করেছেন মেহেরপুর প্রতিদিনের প্রকাশক এম এ এস ইমন, সম্পাদক ইয়াদুল মোমিন, ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দু।

সাংবাদিক আল আমীনের জামিন

মেহেরপুরের গাংনীতে ডিজিটাল নিরাপত্তা আইনে মামলায় গ্রেফতার সাংবাদিক আল আমীনকে জামিন দিয়েছে আদালত।
শনিবার বিকাল সাড়ে ৫টায় জুডিশিয়াল ম্যাজিষ্ট্রেট বেগম রাফিয়া সুলতানার আদালতে জামিন আবেদন করলে জামিন মঞ্জুর করে আদালত। জামিনের বিষয়টি নিশ্চিত করেছেন মেহেরপুর কোর্ট পুলিশ পরিদর্শক গোলাম মোহাম্মদ। আসামী পক্ষের ছিলেন আইনজীবি শফিকুল আলম।
এর আগে শনিবার ভোরে গাংনী পৌর শহরের বাঁশবাড়িয়া গ্রামের তার নিজ বাড়ি থেকে তাকে গ্রেফতার করা হয়। আল আমিন ঢাকা থেকে প্রকাশিত বিজনেস বাংলাদেশ পত্রিকার মেহেরপুর জেলা প্রতিনিধি।
উল্লেখ্য: ২০২০ সালের ১১ মে স্থানীয় দৈনিক মেহেরপুর প্রতিদিন পত্রিকায় গাংনীর সাবেক এমপি মকবুলের কান্ড; ২৬ বছর দখলে রেখেছেন পরের বাড়ি শিরোনামে সংবাদ প্রকাশিত হওয়ার পর গাংনী আসনের সাবেক সংসদ সদস্য মকবুল হোসেনের ভাগ্নে সবুজ হোসেন বাদী হয়ে গাংনী থানায় মেহেরপুর প্রতিদিনের প্রকাশক এম এ এস ইমন, সম্পাদক ইয়াদুল মোমিন ও যুগ্ন সম্পাদক আল আমীনের নামে ডিজিটাল নিরাপত্তা আইনে মামলাটি দায়ের করেন। মামলা নং ১২ তাং ১৩-০৫-২০২০ইং।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

একই দিনে বাবা ও চাচাকে হারালেন সাংবাদিক অল্ডাম

মেহেরপুরের গাংনী উপজেলা প্রেসক্লাবের সভাপতি ও দৈনিক ইত্তেফাক পত্রিকার সংবাদদাতা আমিরুল ইসলাম অল্ডামের বাবা হাজী মহাম্মদ ফয়েজ উদ্দীন শেখ ইন্তেকাল করেছেন (ইন্না-রাজিউন)।

রবিবার দিবাগত রাত পৌনে ১০টার সময় বার্ধক্যজনিত কারণে নিজ বাসভবনে হাজী মহাম্মদ ফয়েজ উদ্দীন শেখ শেষ নি:শ্বাস ত্যাগ করেন। তিনি স্ত্রী,সন্তানসহ অসংখ্য গুনগ্রাহী রেখে গেছেন।
মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৯৬ বছর। হাজী মহাম্মদ ফয়েজ উদ্দীন মেহেরপুরের গাংনী পৌর এলাকার চৌগাছা গ্রামের বাসিন্দা। হাজী ফয়েজ উদ্দীন শেখের জানাজা নামাজ আজ সোমবার সকালে অনুষ্ঠিত হবে।

এদিকে, গতকাল রবিবার ভোরে সাংবাদিক অল্ডামের চাচা হাফিজ উদ্দিন শেখ ইন্তেকাল করেন। দুপুরে মরহমের জানাযা ও দাফন সম্পন্ন হয়। সাংবাদিক আমিরুল ইসলাম অল্ডামের বাবা ও চাচার মৃত্যুতে শোক ও সমবেদনা প্রকাশ করেছেন মেহেরপুর প্রতিদিন পরিবার, মেহেরপুর জেলা প্রেস ক্লাবসহ জেলায় কর্মরত সাংবাদিকসহ বিভিন্ন শ্রেণী-পেশার মানুষ।

মেহেরপুর প্রেসের সম্পাদক জনিসহ ৭জনের বিরুদ্ধে চাঁদাবাজি মামলা

মেহেরপুর প্রেস নামক অনলাইন নিউজ পোর্টালের সম্পাদক মিজানুর রহমান জনিসহ ৭ জনের বিরুদ্ধে সদর থানায় চাঁদাবাজির মামলা দায়ের

করা হয়েছে।
মঙ্গলবার রাতে মেহেরপুর সদর উপজেলার ফতেপুর গ্রামের তবিরুল ইসলাম নামের এক ব্যক্তি বাদি হয়ে এ মামলা করেন। যার মামলার নম্বর ১৯। মামলার অপর আসামীরা হলেন- সদর উপজেলার ফতেপুর গ্রামের সেকেন্দার আলীর ছেলে মহাসিন, ওমর আলীর ছেলে মফিজুর রহমান, হযরত আলীর ছেলে ইসরাফিল হোসেন, খোকনের ছেলে লাল্টু, জিল্লুর রহমানের ছেলে আরিফুল এবং নসিমদ্দীনের ছেলে সাইদুর রহমান।
বাদির অভিযোগ, তিনি এক্সকাভেটর দিয়ে বিভিন্ন স্থানে মাটি কাটার ব্যবসা করেন। এ সূত্র ধরে মেহেপুর প্রেস সম্পাদক মিজানুর রহমান জনি কয়েকদিন যাবৎ তার কাছে চাাঁদা দাবি করে আসছিলেন। চাঁদা দিতে রাজি না হওয়ায় মিজানুর রহমান জনি তাকে বিভিন্নভাবে হুমকি প্রদান করে আসছে। যে কারণে তিনি চাঁদাবাজির অভিযাগ তুলে মিজানুর রহমান জনিসহ ৭জনের বিরুদ্ধে চাঁদাবাজির মামলার করেন।
মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা খান মামলার বিষয়টি নিশ্চিত করে জানান, মামলাটি রেকর্ড করার পর এসআই আবদুল্লাহকে তদন্ত কর্মকর্তা হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে।
এ ব্যাপারে মামলার ১ নম্বর আসামি মিজানুর রহমান জনি মেহেরপুর প্রতিদিনকে জানান, মাটি কেটে বিক্রি করার করার লাইভ প্রচার করার কারণে আমাকে ১ নম্বর আসামি করে মামলা করা হয়েছে। বাকি ৬ আসামিরা বাদির বিরুদ্ধে অভিযোগকারী ছিলেন।

শৃঙ্খলা ভঙ্গের দায়ে অব্যাহতি

প্রাতিষ্ঠানিক শৃঙ্খলা ভঙ্গের দায়ে মেহেরপুর প্রতিদিনের যুগ্ম সম্পাদক মো: আল-আমীন, চীফ রিপোর্টার মর্তুজা ফারুক রুপক ও স্টাফ রিপোর্টার ফয়সাল আহমেদকে অব্যাহতি দেওয়া হয়েছে।
এ বিজ্ঞপ্তি প্রকাশের দিন থেকে উপরোক্ত তিন জনের সঙ্গে মেহেরপুর প্রতিদিনের সকল সম্পর্ক ছিন্ন হয়েছে। উপরোক্ত তিনজনের সাথে মেহেরপুর প্রতিদিন সম্পর্কিত সকল প্রকার সংবাদ, বিজ্ঞাপন আদান-প্রদানসহ আর্থিক (নগদ/চেক) লেনদেন না করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।
এ বিজ্ঞপ্তি প্রকাশের পর থেকে তাদের সাথে কোন ধরণের আর্থিক কিংবা অন্যকোন লেনদেন কেউ বা কোন প্রতিষ্ঠান করে থাকলে তার

দায়ভার মেহেরপুর প্রতিদিন নেবে না।

– সম্পাদক

জীবননগর প্রেসক্লাবের দ্বী- বার্ষিক নির্বাচন

জীবননগর প্রেসক্লাবের দ্বি-বার্ষিক সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার দুপুরে প্রেসক্লাব কার্যালয়ে ভারপ্রাপ্ত সভাপতি এসএম কামাল উদ্দিন জোয়াদের সভাপতিত্বে সাধারণ সভা ও নির্বাচন অনুষ্ঠিত হয়।

নির্বাচনে এম আর বাবু সভাপতি ও কাজী সামসুর রহমান চঞ্চল সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন।

কমিটির সহ-সভাপতি পদে নারায়ণ ভৌমিক, সহ-সম্পাদক পদে মুন্সী রায়হান উদ্দিন, অর্থ সম্পাদক পদে মামুন-উর রহমান, দপ্তর সম্পাদক হুমায়ন কবীর, প্রচার ও প্রকাশনা সম্পাদক পদে নূর আলম, সমাজ কল্যাণ সম্পাদক পদে শেখ শহিদুর, নির্বাহী সদস্য পদে এসএম কামাল উদ্দিন জোয়াদ, সালাউদ্দীন কাজল ও আতিয়ার রহমান হয়েছেন।

নির্বাচন পরিচালনা করেন সিনিয়র সাংবাদিক কামাল সিদ্দিকী বাবু, শেখ সামসুল আলম ও আবু সাঈদ বাবুল।

ইরানি টিভির অফিসিয়াল পেজ বন্ধ

করে দিল ফেসবুক

ইরানের ইংরেজি ভাষার নিউজ চ্যানেল প্রেসটিভির অফিসিয়াল পেজ বন্ধ করে দিয়েছে ফেসবুক কর্তৃপক্ষ।

কোনো পূর্বঘোষণা ছাড়াই ফেসবুক শনিবার প্রেস টিভিকে জানায়, তারা স্থায়ীভাবে এই টিভির পেজ বন্ধ করে দিয়েছে। এর কারণ হিসেবে টিভি চ্যানেলটির বিরুদ্ধে ফেসবুকের ‘নীতিমালা লঙ্ঘনের’ অভিযোগ আনা হয়েছে। খবর তাসনিম নিউজের।

প্রেস টিভির ফলোয়ার সংখ্যা ৪০ লাখের বেশি। গত জানুয়ারি মাসের মাঝামাঝি এমন একটি মিডিয়ার অফিসিয়াল পেজ সাময়িকভাবে স্থগিত করে দিয়েছিল। পরে অবশ্য প্রেস টিভির পক্ষ থেকে আবেদন করার পর তারা আবার এটি খুলে দেয়। কিন্তু এবার ফেসবুক কর্তৃপক্ষ জানিয়ে দিয়েছে, এবার আর আবেদন করলেও তা গ্রহণ করা হবে না।

২০১৮ সালে ফেসবুক কর্তৃপক্ষ ইরান ও রাশিয়ার শত শত অ্যাকাউন্ট বন্ধ করে দেয়। সামাজিক এই যোগাযোগমাধ্যমটি দাবি করে, ভুল তথ্য প্রচারের দায়ে এসব অ্যাকাউন্ট বন্ধ করে দেওয়া হয়েছে। তখন থেকে কয়েকবার প্রেস টিভির ফেসবুক পেজও বন্ধ করে দেওয়া হয়।

২০২০ সালে রাশিয়ার সংবাদমাধ্যম স্পুটনিক এবং চীনের সংবাদ সংস্থা সিংহুয়ার সঙ্গে ইরানের প্রেস টিভির অফিসিয়াল পেজ বন্ধ করার হুমকি দিয়েছিল ফেসবুক।

কালীগঞ্জে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের হাতে সাংবাদিক লাঞ্ছিত!

ঝিনাইদহ জেলার কালীগঞ্জ উপজেলার ৭নং রায়গ্রাম ইউনিয়নের স্মার্ট কার্ড বিতরণে বক্স ও কমপার্টমেন্ট নম্বর দিয়ে টাকা নেওয়ার ছবি তোলায় একাত্তর টেলিভিশনের কালীগঞ্জ প্রতিনিধি ও দৈনিক যশোরের

স্টাফ রিপোর্টার মিশন আলীকে লাঞ্চিত করেছে চেয়ারম্যান আলী হোসেন অপু।
গতকাল শনিবার ৯টার দিকে রায়গ্রাম বাণীকান্ত মাধ্যমিক বিদ্যালয়ে এ ঘটনা ঘটে।

জানা গেছে, নাগরিকদের কাছ থেকে বক্স ও কমপার্টমেন্ট নম্বর দেওয়ার কথা বলে টাকা নেয় একদল যুবক। এ সময় রায়গ্রাম ইউনিয়নের চেয়ারম্যান আলী হোসেন অপু চানআলী নামে যুবককে ইউনিয়নের দফাদার দিয়ে মারধর করে।

এ সময় ছবি তোলায় একাত্তর টেলিভিশনের কালীগঞ্জ প্রতিনিধি ও দৈনিক যশোর পত্রিকার স্টাফ রিপোর্টার মিশন আলীর ক্যামেরা ছিনিয়ে নেয় ও লাঞ্চিত করে একটি কক্ষে আটক করে রাখে। পরে পুলিশ ঘটনাস্থলে গিয়ে সাংবাদিককে উদ্ধার করে।

সাংবাদিক মিশন আলী জানায়, উপজেলার ৭ নং রায়গ্রাম ইউনিয়নের চেয়ারম্যান আলী হোসেন অপুর লোকজন স্মার্ট কার্ড বিতরণের বক্স ও কমপার্টমেন্ট নম্বর দেওয়ার কথা বলে নাগরিকদের কাছ থেকে ১০ টাকা করে নেয় এমন খবর পেয়ে ঘটনাস্থলে যায়। এসময় চান আলী নামে এক যুবককে মারধর করে চেয়ারম্যানের নির্দেশে দফাদার দিয়ে যুবককে মারধর করে।

এ সময় আমি ছবি তুলি। তখন চেয়ারম্যান আলী হোসেন অপু ক্ষিপ্ত হয়ে আমাকে অকথ্য ভাষায় গালিগালাজ ও চেয়ারম্যান নিজে আমাকে একটি কক্ষে আটক করে। এ সময় চেয়ারম্যান আমার ক্যামেরা ছিনিয়ে নেওয়ার চেষ্টা করে।

পরে বিষয়টি আমি অন্য সাংবাদিকদের জানালে পুলিশ ঘটনাস্থলে এসে আমাকে উদ্ধার করে।

৭নং রায়গ্রাম ইউনিয়নের চেয়ারম্যান আলী হোসেন অপু জানান, একটু ভুল বোঝাবুঝি হয়েছে। সাংবাদিককে আটক করার ৫ মিনিট পর ছেড়ে দেওয়া হয়েছিল।

কালীগঞ্জ থানার এস আই আবুল কাশেম জানান, ঘটনাস্থলে উপস্থিত হয়ে একটি কক্ষে সাংবাদিককে দেখতে পাই। পরে উভয়পক্ষের বক্তব্য শুনে সাংবাদিককে উদ্ধার করা হয়েছে।

কালীগঞ্জ থানার ওসি মুহা: মাহফুজুর রহমান মিয়া জানান, খবর শুনে

ঘটনাস্থলে পুলিশ পাঠিয়ে সাংবাদিককে উদ্ধার করা হয়েছে।

কালীগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার সুবর্ণা রাণী সাহা জানান, বিষয়টি আমি শুনেছি। চেয়ারম্যান তাকে বলেছেন, আটকের ৫ মিনিট পর সাংবাদিককে ছেড়ে দিয়েছেন বলে জানিয়েছেন।